

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, রমনা, ঢাকা-১০০০  
সেবা শাখা  
www.probashi.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার তারিখ ও সময়	: ১৩/০৮/২০১৭, সকাল : ১১:০০ ঘটিকা
সভার স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভাপতি	: জনাব জাবেদ আহমেদ
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচী চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান যে, মাসের শুরুর দিন থেকে জাতীয় শোক দিবস পালনের অংশ হিসেবে মন্ত্রণালয়ে প্রবেশের গেইটে কালো ব্যানার টাঙানো হয়েছে এবং ৩১ আগস্ট ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত উক্ত ব্যানার টাঙানো থাকবে। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) প্রস্তাবিত কর্মসূচী সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে অধীনস্থ দপ্তর ও সংস্থাসমূহের অংশগ্রহণে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে নিম্নরূপ কর্মসূচী গৃহীত হয়ঃ

ক্র.নং	কর্মসূচী	বাস্তবায়নধীন কর্মসূচী
২.১	১৫ আগস্ট ২০১৭, মঙ্গলবার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/ সংস্থার ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহ
২.২	১৫ আগস্ট, ২০১৭, মঙ্গলবার বাদ জোহর মসজিদে বিশেষ মোনাজাত ও প্রার্থনা	সকল কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র/ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজির অধ্যক্ষ
২.৩	শোক দিবস উপলক্ষ্যে বিকেটিটিসি/ বিজিটিটিসি/ শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে দিবসকে প্রতিপাদ্য করে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হবে।	অধ্যক্ষ, বিকেটিটিসি/ বিজিটিটিসি/ শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র
২.৪	১৭ আগস্ট ২০১৭, বৃহস্পতিবার বিকাল ০৩.০০ ঘটিকায় মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহের অংশগ্রহণে মন্ত্রণালয়ের ব্রিফিং সেন্টারে আলোচনা সভা	জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গঠিত কমিটি

০৩। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাভুক্ত জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এবং কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ১৫ আগস্ট ২০১৭ তারিখে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করবে। সংশ্লিষ্ট (ডিইএমও) এর সহকারী পরিচালক এবং টিটিসিসমূহের অধ্যক্ষগণ বিষয়টি নিশ্চিত করবেন। এ বিষয়ে মহাপরিচালক, বিএমইটি নির্দেশনা জারি করবেন।

০৪। বিদেশস্থ শ্রম উইংসমূহ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক ১৫ আগস্ট, ২০১৭ তারিখে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করবে। শ্রম উইংয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিষয়টি নিশ্চিত করবেন এবং যুগ্মসচিব (কল্যাণ ও মিশন) এ বিষয়ে ফলোআপ করবেন।

০৫। বিদেশে ওয়েজ আর্নাস কল্যাণ তহবিলের আর্থিক সহযোগিতায় পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট ২০১৭ জাতীয় শোক দিবস পালন করবে। শ্রম উইংয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিষয়টি নিশ্চিত করবেন এবং যুগ্মসচিব (কল্যাণ ও মিশন) এ বিষয়ে ফলোআপ করবেন।

০৬। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে ১৫ আগস্ট, ২০১৭ তারিখে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হয়ঃ

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

ক্র. নং	কর্মকর্তার পদবী	
১.	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), প্রকবৈক মন্ত্রণালয়	আহ্বায়ক
২.	অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ), প্রকবৈক মন্ত্রণালয়	সদস্য
৩.	মহাপরিচালক, বিএমইটি /ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড	সদস্য
৪.	যুগ্মসচিব, (প্রশাসন) প্রকবৈক মন্ত্রণালয়	সদস্য
৫.	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল/প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।	সদস্য

সভাপতি জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে দ্রুতলয়ে প্রয়োজনীয় প্রস্তুতিসহ গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-  
জাবেদ আহমেদ  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন, ইক্ষাটন, রমনা, ঢাকা-১০০০  
সেবা শাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং- ৪৯.০০.০০০০.০৩০.৯৯.০০৩. ১৭- ১১৮৭

তারিখঃ ১৩/০৮/২০১৭ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। অতিরিক্ত সচিব(সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো/ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল/ প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।
- ০৪। যুগ্মসচিব(সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৭। উপসচিব/উপপ্রধান(সকল) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সকল)।
- ০৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সকল)।
- ০৯। অধ্যক্ষ, .....কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (সকল)।
- ১০। অফিস কপি।

  
শেখা শাহিন  
উপসচিব (সেবা)

ফোন: ৫৫ ১৩ ৮০৮০

ইমেইল-[sasservice@probashi.gov.bd](mailto:sasservice@probashi.gov.bd)